দর্শনা পুলিশের অভিযানে ১ কেজি গাঁজাসহ মহিলা গ্রেফতার

দর্শনায় থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি গাঁজাসহ নুরজাহান (৩৮) নামে এক মহিলা গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃত নুরজাহান দর্শনা থানার পারকৃষ্ণপুর (মাঝপাড়া) গ্রামের মোঃ এরশাদ আলী স্ত্রী। আজ রবিবার বেলা ১১ টার দিকে তাকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ জানান, জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন এর সার্বিক দিকনির্দেশনায় দর্শনা থানা পুলিশ কর্তৃক বিশেষ অভিযানে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এসআই (নিঃ) মোঃ সুজন আলী সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে আজ রবিবার বেলা ১১ টায় দর্শনা থানাধীন কৃষ্ণপুর গ্রামস্থ কৃষ্ণপুর ডাঙ্গার মাঠের জনৈক ফারুক মল্লিকের আবাদী জমির উত্তর পার্শ্বে দর্শনা-হিজলগাড়ী গামী পাঁকা রাস্তার উপর থেকে মোছাঃ নুরজাহান (৩৮) কে ১ কেজি গাঁজাসহ গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।